(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের এপ্রিল/২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ ইলিয়াস হোসেন<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৭ এপ্রিল/২০২৩ |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | জিএসবি'র সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪৩৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের এপ্রিল/২৩ মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা অবজারভেশন আছে কিনা জানতে চাইলে জনাব খন্দকার আবুল হাসান মোহাম্মদ সাইফুর রহমান, পরিচালক (ভূপদার্থ) বলেন, মার্চ ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে "রংপুর জেলার পীরগঞ্জ ও সংলগ্ন এলাকায় চুম্বকীয় ও অভিকর্ষীয় প্রফাইলিং" শীর্ষক বহিরংগন কর্মসূচি সম্পাদনের লক্ষ্যে বহিরংগন দলটি ১৬ মার্চ ২০২৩ তারিখে সদর দপ্তর ত্যাগ করেছেন মর্মে উল্লেখ করা হয়েছে, প্রকৃতপক্ষে বহিরংগন দলটি ১৫ মার্চ ২০২৩ তারিখ সদর দপ্তর ত্যাগ করেছেন। সভাপতি বর্ণিত বহিরংগন দলটির সদর দপ্তর ত্যাগের তারিখটি সংশোধনের নির্দেশনা প্রদান করেন। অতঃপর সংশোধনী গৃহীত হয় এবং আর কোন মতামত বা অবজারভেশন না থাকায় সর্বসম্মতিক্রমে গত ২৭-০৩-২০২৩ তারিখে অনুষ্ঠিত মার্চ/২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ২৭-০৩-২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| ভূবিজ্ঞান সংক্রান্ত | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১। | ২০২২-২০২৩ অর্থবছরের বহিরংগন সম্পর্কিত আলোচনায় জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখাপ্রধান, অপারেশন ও সমন্বয় বলেন, চলতি অর্থবছরে এপিএ'তে লক্ষ্যমাত্রার ১২টি কর্মসূচির মধ্যে ১২টি ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। রংপুর জেলার পীরগঞ্জ ও সংলগ্ন এলাকায় চুম্বকীয় ও অভিকর্ষীয় প্রফাইলিং শীর্ষক বহিরংগন কাজটি সংশ্লিষ্ট শাখার শাখাপ্রধান জনাব খন্দকার আবুল হাসান মোহাম্মদ সাইফুর রহমান, পরিচালক (ভূপদার্থ) ০৪-০৭ এপ্রিল/২৩ সরেজমিন পরিদর্শণ করেছেন। এ কাজের অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট শাখাপ্রধান বলেন, সময়টা বহিরংগন কাজের জন্য অনুকূলে না থাকায় কাজটি যথেষ্ট চ্যালেঞ্জিং ছিল, তারপরও ভালোভাবেই কাজটি শেষ করে ১৩ এপ্রিল ২০২৩ তারিখ বহিরংগন দলটি সদর দপ্তরে যোগদান করেছে। তিনি আরও জানান, ০৪-০৭ এপ্রিল/২৩ সরেজমিন বহিরংগনে পরিদর্শন করে তিনি দলটিকে কাজের প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেছেন। দলটি বহিরংগনে ৫১৪টি ম্যাগনেটিক এবং ৩১৪ টি গ্রাভ্যাটি অবজার্ভেশন পয়েন্টেসহ মোট ২০৪ কি.মি এলাকায় জরিপ কাজ সম্পন্ন করেছে। বহিরংগন জরিপের প্রাথমিক ফলাফল বিশ্লেষণে এলাকাটি সম্ভাবনাময় মনে হয়েছে। এবং এখানে ম্যাগনেটিক মিনারেলের উপস্থিতির প্রবল সম্ভাবনা রয়েছে। পরবর্তীতে ডাটা বিশ্লেষণ করে ড্রিলিং এর জন্য পয়েন্ট নির্ধারণ করা হবে। সভাপতি আগামী অক্টোবরের মধ্যে যাতে ড্রিলিং শুরু করা যায় সে লক্ষ্যে জরিপের ডাটা বিশ্লেষণে প্রাপ্ত ফলাফলের আলোকে প্রয়োজনে খনন সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সমন্বিতভাবে বহিরংগন পরিদর্শন করে উপযুক্ত জায়গায় ড্রিলিং পয়েন্ট নির্ধারণ করার জন্য বলেন। জনাব খন্দকার আবুল হাসান মোহাম্মদ সাইফুর রহমান, পরিচালক (ভূপদার্থ) বলেন, প্রাথমিক এ্যানালাইসিস সম্পন্ন হয়েছে, সম্পূর্ণ এ্যানালাইসিস হয়ে গেলে ড্রিলিং পয়েন্ট নির্ধারণ করা যাবে। | ক) বহিরংগন পরবর্তী কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>খ)আগামী অক্টোবরের মধ্যে ড্রিলিং শুরু করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ সকল শাখা। |
| ৩.২। | ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ সংক্রান্ত আলোচনায় পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, জিএসবি'র কার্যক্রম সম্পর্কে এমআইএসটি (MIST)'তে পরিচালিত জনসচেতনতামূলক প্রচারণা কার্যক্রমে জিএসবিতে এ বছর যতগুলো পাবলিকেশন হয়েছে সেগুলোর ১ সেট এবং নিউজ লেটার বিতরণ করা হয়েছে। সভাপতি এপিএ বাস্তবায়নে কোনো সমাস্যা রয়েছে কি না তা জানতে চান। এ পর্যায়ে জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) ২০২২-২০২৩ অর্থবছরের এপিএভূক্ত ভূ-বৈজ্ঞানিক কার্যক্রমসহ এপিএ'র ফাইভ টুলস এর অগ্রগতি বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। তিনি বলেন, ভূতাত্ত্বিক মানচিত্রায়নের লক্ষ্য অর্জিত হয়েছে। নমুনা সংগ্রহ ও তথ্য বিশ্লেষণে ২ টা দল হয়। দূর্যোগ প্রশমনের ক্ষেত্রে তথ্য-উপাত্ত সংগ্রহ সংক্রান্ত ১টা ফিল্ড বাকি রয়েছে যা পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা কর্তৃক বাস্তবায়ন করা হবে। সভাপতি সম্পন্ন হওয়া প্রতিটি বহিরংগন কাজের প্রমাণক হিসেবে একটি করে অন্তবর্তীকালীন রিপোর্ট জমা প্রদানের বিষয়ে জানতে চান। জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ১২টি কর্মসূচির মধ্যে ১টি বাদে ১১টির অন্তবর্তীকালীন রিপোর্ট জমা দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, হিউম্যান রিসোর্স প্রশিক্ষণ অর্জিত হয়েছে। শুদ্ধাচার ও নৈতিকতা বিষয় ২৪ জনকে ৪র্থ কোয়ার্টারে প্রশিক্ষণ দিতে হবে। এছাড়া, নৈতিকতা কমিটির ২টা সভা বাকি রয়েছে। এর মধ্যে ১টা সভা নিজেদের মধ্যে এবং ১টি অংশীজনদের সমন্বয়ে ৪র্থ কোয়ার্টারের মধ্যে সম্পন্ন করতে হবে। সভাপতি আগামী মাসের ১ম সপ্তাহে নিজেদের মধ্যে এবং ২য় ও ৩য় সপ্তাহে অংশীজনদের অংশগ্রহণে সভা করার নির্দেশনা প্রদান করেন। ইনোভেশন এর আওতায় একটি এ্যাপস তৈরি ও ইনস্টলের উদ্ভাবনী | ক) এপিএ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>খ)নৈতিকতা কমিটির বাকি ২টা সভা সম্পন্ন করতে হবে।<br><br>গ) ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে।<br><br>ঘ)গবেষণা প্রস্তাব সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয় হতে প্রাপ্ত কোয়ারির জবাব প্রেরনসহ যাচাই বাছাই কমিটি পুনর্গঠন করতে হবে। | এপিএ টিমসহ সংশ্লিষ্ট সকল শাখা ও কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | ধারনা ছিল। এ লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে, প্রমাণক হিসাবে এ্যাপসটি ২ মে ২০২৩ এর মধ্যে আপলোড করা হবে মর্মে সভায় জানানো হয়। জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ই-নথির ব্যবহার কাঙ্খিত লক্ষ্যে অর্জনের বিষয়ে বলেন, এ মুহূর্তে ই-নথির ব্যবহার ৮৭.৭% হলেও যেহেতু এর হিসাব সারা বছরের ব্যবহারের গড় করে করতে হবে। সেক্ষেত্রে চূড়ান্ত হিসাবে ই-নথির ব্যবহার ৭০-৮০% এর মধ্যে থাকতে পারে মর্মে আশঙ্কা প্রকাশ করেন। সভাপতি ই-নথির ব্যবহার আরও বৃদ্ধির লক্ষে সচেষ্ট হওয়ার নির্দেশ দেন। জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) আরও জানান, ই-নথি হতে ডি-নথিতে রূপান্তরের বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য জিএসবি হতে একটি টিমকে এটুআই(a2i)'তে পাঠানো হয়েছে। সেখানে আগামী মে ২০২৩ এর মধ্যে ই-নথি হতে ডি-নথিতে রূপান্তরের জন্য জিএসবি'কে বলা হয়েছে। জিএসবি হতে তা জুন ২০২৩ এ করা হবে মর্মে জানানো হয়। সে লক্ষ্যে জুন/২৩ এর একটা নির্দিষ্ট সময় ই-নথির ব্যবহার বন্ধ থাকবে, সে ক্ষেত্রে ই-নথি ব্যবহার আরও কমে যেতে পারে। সভাপতি ই-নথি হতে ডি-নথিতে রূপান্তরের কাজটি জুন ২০২৩ এর পরে কোন এক সময়ে করার মতামত দেন। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার বিষয়ে তিনি বলেন যে, নির্দিষ্ট কোয়ার্টারের মধ্যে অবশিষ্ট কার্যক্রমসমূহ সম্পন্ন করতে হবে। এছাড়াও সভাপতি এপিএ'তে যার যার অংশটুকু সঠিক সময়ে যথাযথভাবে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। গবেষণা প্রস্তাব বিষয়ে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, এ কার্যক্রমের জন্য ২০ লক্ষ টাকা রাখো হয়েছিল পরে তা সংশোধন করে ১২ লক্ষ করা হয়েছে। সভাপতি, এ বিষয়ে মন্ত্রণালয় হতে প্রাপ্ত কোয়ারির জবাব প্রদানের জন্য বলেন। জনাব আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) এ সংক্রান্ত কমিটি পুনর্গঠনের কথা তুলে ধরেন। পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন আগামী ২-১ দিনের মধ্যে কমিটি পূনর্গঠন করা হবে মর্মে সভায় জানান। | | |
| **প্রশাসনিক আলোচনা** | | | |
| ৩.৩। | নিয়োগ সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, নতুন নিয়োগ প্রাপ্ত ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের ৭৪ জনের মধ্যে ৬৯ জনের নিয়োগ সম্পন্ন হয়েছে যা মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। বিপিএসসি কর্তৃক ২৩টি পদে কর্মকর্তাদের নিয়োগের বিষয়ে তিনি বলেন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) পদের মৌখিক পরীক্ষা গত ১৩ মার্চ/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সহকারী পরিচালক (ভূপদার্থ) পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২২, ২৩ ও ২৪ মে/২৩ অনুষ্ঠিত হবে মর্মে বিপিএসসি হতে জানানো হয়েছে। এছাড়া নতুন ২টি আইটি পদ, সংগ্রহণ র্কমকর্তা ও ওয়ার্কশপ সুপারিনটেনডেন্টসহ মোট ৪ টি পদে নিয়োগের বিষয়টি ৪১ তম বিসিএস থেকে নেয়ার জন্য চাহিদাপত্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। জনাব আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব)বলেন, সহকারী পরিচালক পদের আরো কিছু পদ শূন্য রয়েছে উল্লেখ করে এ বিষয়ে পদক্ষেপ নেয়া যেতে পরে। এ বিষয়ে জন প্রশাসসন মন্ত্রণালয় হতে পত্রে পাওয়া নির্দেশনার কথা তুলে ধরে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, এখন থেকে যখন যে বিসিএস পরীক্ষা চলমান ছিল তখন যে সংখ্যক পদ খালি ছিল সে অনুযায়ী প্রতিটি বিসিএস পরীক্ষায় নিয়োগ দেয়া হবে মর্মে সভায় অবহিত করেন। | নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| **বিবিধ আলোচনা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.৪ | প্রকল্প বিষয়ক আলোচনায় পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, জার্মানদের সাথে Geo-Information for the Implementation of Climate Change-Resilient Urbanization (GICU) প্রকল্পের রুম বরাদ্দসহ শুধু প্রশাসনিক সংক্রান্ত বিষয়ে অপারেশন ও সমন্বয় শাখা হতে বিজিআরকে পত্র প্রেরণ করা হবে। অন্যান্য বিষয়ে ফোকাল পয়েন্ট সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করবেন। এ প্রকল্পের টিএপিপি বিষয়ে পরবর্তী সপ্তাহে মন্ত্রণালয়ে সভা হতে পারে মর্মে সভাপতি জানান। পরিচালক, অপারেশন ও সমন্বয় আরও বলেন, ২টি প্রকল্প ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপির সবুজ পাতায় অন্তর্ভুক্তকরণের জন্য প্রেরণ করা হয়েছে। এর মধ্যে ১টির টিএপিপি এবং অন্যটি খনন সক্ষমতা বৃদ্ধি এর অগ্রগতি মন্ত্রণালয়ে পাঠানো হযেছে, সেখান থেকে তা পরিকল্পনা কমিশনে পাঠানো হয়েছে। এ বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ করে জানা যায় ঈদের পরে এ বিষয়ে পিইসি সভা ডাকা হবে এবং উক্ত সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন দিতে হতে পারে। এ বিষয়ে জনাব আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন উল্লিখিত সভায় শুধু পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন নয়, সুনির্দিষ্ট কিছু বিষয় নিয়েও আলোচনা হতে পারে। সেখানে যথেষ্ট প্রস্তুতি নিয়ে যেতে হবে যাতে উদ্ভুত যে কোন প্রশ্নের উত্তর প্রদান করা যায়। সভাপতি এ বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্ম সচিব জনাব ড. মোঃ রফিকুল ইসলাম এবং উপসচিব জনাব মোঃ হাসানুজ্জামানের সাথে কথা বলে কী কী পয়েন্টে আলোচনা বা প্রশ্ন হতে পারে সে বিষয়ে অবগত হওয়ার নির্দেশনা প্রদান করেন। এ পর্যায়ে জনাব মোঃ মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌ.) বলেন, পরিকল্পনা কমিশন কর্তৃক যে সভা আহবান করা হবে সে সভার কার্যপত্র সরবরাহ করা হবে এবং সে অনুযায়ী প্রস্তুতি গ্রহণ করতে হবে। অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা হতে প্রস্তাবিত প্রকল্পটি সংশ্লিষ্ট কমিটি এখনো রিভিউ না করায় তা মন্ত্রণালয়ে পাঠানো হয়নি মর্মে পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন সভায় জানান।<br>”নাইন সিটিস” প্রকল্পের বিষয়ে জনাব সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, এ প্রকল্পটি আগে ডিপিপি হিসাবে সাবমিট করা হয়েছিল এখন টেকনিক্যাল যেসব কাজ করা হবে সে আলোকে এটাকে ডিপিপি হতে টিপিপিতে রূপান্তরের কাজ চলছে।<br>প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক প্রমাণকসহ হস্তান্তর সংক্রান্ত আলোচনায় জনাব আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, সব কিছু রেডি আছে আইএমইডি হতে চূড়ান্ত ভিজিটের পরে সার্ভে যন্ত্রপাতি, কম্পিউটার ইত্যাদি জিএসবিতে হস্তান্তর করা হবে। সভাপতি এ বিষয়ে আইএমইডি সাথে যোগাযোগ করার জন্য বলেন। | ক) জার্মানদের সাথে আসন্ন প্রকল্পের টিএপিপি অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) পরিকল্পনা কমিশন কর্তৃক আহুত সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উদ্ভুত প্রশ্নের জবাবের বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি নিতে হবে।<br>গ) নাইন সিটিস প্রকল্পের ডিপিপি হতে টিপিপিতে রূপান্তরের কাজ সম্পন্ন করতে হবে। | পরিকলাপনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট শাখাসমূহ। |

| | | | |
|---|---|---|---|
| ৩.৫ | তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কর্ম সম্পাদন সূচক ১.৪ মোতাবেক তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনায় পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, একটি কমিটির মাধ্যমে সচিবালয়ের নির্দেশিকা অনুযায়ী বিষয়, কোড ও শ্রেণি এর ভিত্তিতে ই-নথি ও হার্ডকপির তথ্য ছকের একটি ক্যাটালগ ও ইনডেক্স তৈরি করা হয়েছে, যা সময় সময় হালনাগাদ করা হয়। এছাড়া নথি বিনষ্টকরণের লক্ষ্যে কমিটি পুনর্গঠন করা হয়েছে। এ পর্যায়ে কমিটির আহবায়ক জনাব রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) বলেন বিনষ্টকরণের কোন নথি থাকলে এ সংক্রান্ত তথ্য ১৫ কর্ম দিবসের মধ্যে কমিটির নিকট প্রেরণের জন্য ইতোমধ্যে জিএসবি'র সকল শাখা, উপশাখায় নোটিশ দেয়া হয়েছে।<br><br>পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, সিলেটের গোয়াইনঘাটের জায়গায় বাউন্ডারি ও স্থাপনার জন্য ১০ কোটি টাকা রাখা আছে। বর্নিত জায়গার কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভাপতি মহোদয় জানতে চান। অগ্রগতি বিষয়ে জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, প্রায় ১৫০টি বাউন্ডারি খুঁটি পোঁতা হয়েছে, সাইনবোর্ড লাগানো হয়েছে। জেলা প্রশাসন, সিলেট হতে জানানো হলে বাকী কাজ ঈদের পরে সম্পন্ন করা হবে। | ক) ২০২২-২০২৩ অর্থ বছরের তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>খ) জেলা প্রশাসন, সিলেট এর সাথে যোগাযোগ করে গোয়াইনঘাটের জায়গায় বাউন্ডারিসহ অন্যান্য কাজ সম্পন্ন করতে হবে। | ক) যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণ, নথি বিনষ্টকরণ সংক্রান্ত কমিটি কমিটিসহ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ ও হালনাগাদকরণ কমিটি।<br><br>খ) সিলেটের গোয়াইনঘাটের জায়গা সংক্রান্ত কমিটি। |
| | | | |

৪। সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ ইলিয়াস হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.৯

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩০
১৫ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২) জিএসবি'র শাখা প্রধানগণ

৩) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

মোঃ কামরুল আহসান
পরিচালক (ভূতত্ত্ব)